



২য় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আমির শরীফ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগের সহকারী অধ্যাপক পদে কর্মরত অবস্থায় আমেরিকার Columbus State University, Georgia-তে মাস্টার্স প্রোগ্রামে অধ্যয়নের জন্য ০৭/০১/২০০৯ তারিখ হতে ২৩/০৮/২০০৯ তারিখ পর্যন্ত ০৭ মাস ১৬ দিন শিক্ষা ছুটি ভোগ করে পরিবর্তীতে University of Louisiana at Lafayette, USA-তে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য ২৪/০৮/২০০৯ তারিখ হতে ধারাবাহিকভাবে ০৮/০১/২০১৫ তারিখ পর্যন্ত ০৫ বছর ০৪ মাস ১৪ দিন পূর্ণ বেতনে শিক্ষা ছুটি ভোগ করেন। আপনার শিক্ষা ছুটির মেয়াদ গত ০৮/০১/২০১৫ তারিখে শেষ হয় এবং সে অনুযায়ী ০৯/০১/২০১৫ তারিখে বিশ্ববিদ্যালয়ের কর্তব্যকাজে আপনার যোগদান করার কথা থাকলেও আপনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অব্যাহতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

২. যেহেতু, আপনার বিরুদ্ধে রুজুকৃত ০২/২০১৯ নং বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীসহ ২৩ ফেব্রুয়ারী ২০১৯ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-২৭/৫০৩নং সূত্রে অভিযোগনামা জারী করতঃ ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাপযুক্ত কারণ দর্শানোর নির্দেশনা ডাকযোগে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে এবং ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হয়। তাছাড়াও দৈনিক আমাদের নতুন সময় ও The daily sun পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে উক্ত নির্দেশনা দেয়া সত্ত্বেও আপনি কোন জবাব দাখিল করেননি; এবং যেহেতু, আপনার বিরুদ্ধে রুজুকৃত ০২/২০১৯ নং বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীসহ ২৩ ফেব্রুয়ারী ২০১৯ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-২৭/৫০৩নং সূত্রে অভিযোগনামা জারী করতঃ ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাপযুক্ত কারণ দর্শানোর জন্য আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে, ই-মেইল যোগে এবং দৈনিক আমাদের নতুন সময় ও The daily sun পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে নির্দেশনা দেয়া সত্ত্বেও আপনি কোন জবাব দাখিল করেননি; এবং

৩. যেহেতু, আপনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য অনুরোধ করেননি, এমতাবস্থায় আপনার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাণ্ড ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৭(৩) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য অধ্যাপক ড. শরীফ এনামুল কবীর, রসায়ন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা ও সদস্য, রিজেন্ট বোর্ড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে আহবায়ক নিযুক্ত করে একটি তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

৪. যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য বিধি মোতাবেক তদন্ত বোর্ড গঠন করা হয় এবং তদন্ত বোর্ডের ০৯ জানুয়ারী ২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩-এর উপবিধি (গ) অনুযায়ী গঠিত পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

৫. যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) উপবিধি মোতাবেক পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এই অভিযোগে দোষী সাব্যস্ত করে বিধি ৪ এর উপবিধি (খ) অনুযায়ী আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়;

৬. সেহেতু, আপনি জনাব মোহাম্মদ আমির শরীফ, সহকারী অধ্যাপক, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) উপবিধি মোতাবেক পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায়, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর ৪(৫)(ঘ) এর আলোকে বিধি ৪(৩) এর উপবিধি (ঘ) মোতাবেক কেন "চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal From Service)" দণ্ড প্রদান করা হবে না তার জবাব একই বিধিমালায় বিধি ৭(৯) মোতাবেক অত্র নোটিশ প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানানোর জন্য নির্দেশ দেয়া হলো।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০২ (দুই) পাতা।

(ড. মোহাম্মদ তৌহিদুল ইসলাম) ১৩/৩/২০২৩

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল।

প্রাপক,

জনাব মোহাম্মদ আমির শরীফ
সহকারী অধ্যাপক
ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২।

স্থায়ী ঠিকানাঃ
জনাব মোহাম্মদ আমির শরীফ
পিতা- মোহাম্মদ আমজাদ হোসাইন
গ্রাম- বিশানিয়া
ডাকঘর- দেবগ্রাম
পোস্টা- মহাবলীয়া

বর্তমান ঠিকানাঃ
Mr. Mohammad Amir Sharif
Ph.D. Student
The Center for Advanced Computer Studies
University of Louisiana, 301 East Lewis St.
ACTR Hall, P.O.Box 44330, Lafayette, LA